সেই আল্লাহর সমস্ত প্রশংসা যিনি আমাদেরকে পানাহার করিয়েছেন, তিনি আমাদের জন্য যথেষ্ট হয়েছেন এবং আশ্রয় দিয়েছেন। অথচ কত এমন লোক আছে যাদের যথেষ্ট-কারী ও আশ্রয়দাতা নেই।

আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে মরফূ‘ হিসেবে বর্ণিত, “আলহামদু লিল্লা-হিল্লাযী আত্বআমানা অ সাক্বা-না অকাফা-না অ আ-ওয়া-না, ফাকাম মিম্মাল লা কা-ফিয়া লাহু অলা
মু’বী।” (অর্থ) সেই আল্লাহর সমস্ত প্রশংসা যিনি আমাদেরকে পানাহার করিয়েছেন, তিনি
আমাদের জন্য যথেষ্ট হয়েছেন এবং আশ্রয় দিয়েছেন। অথচ কত এমন লোক আছে যাদের যথেষ্ট-
কারী ও আশ্রয়দাতা নেই।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাঁর বিছানায় যেতেন তখন বলতেন “আলহামদু লিল্লা- হিল্লাযী আত্বআমানা অ সাক্বা-না অকাফা-না অ আ-ওয়া-না, ফাকাম মিম্মাল লা কা-ফিয়া লাহু অলা মু’বী।” (অর্থ) সেই আল্লাহর সমস্ত প্রশংসা যিনি আমাদেরকে পানাহার করিয়েছেন, তিনি আমাদের জন্য যথেষ্ট হয়েছেন এবং আশ্রয় দিয়েছেন। অথচ কত এমন লোক আছে যাদের যথেষ্ট-কারী ও আশ্রয়দাতা নেই। তিনি আল্লাহ তা‘আলার প্রশংসা করতেন যিনি তাকে পানাহার করালেন। কেননা যদি আল্লাহ তা‘আলা তোমার জন্য এই পানাহারকে সহজ না করতেন তাহলে তুমি পানাহার করতে পারতে না। সুতরাং তুমি আল্লাহর প্রশংসা কর যিনি তোমাকে পানাহার করিয়েছেন –এই বলে: “আলহামদু লিল্লা-হিল্লাযী আত্বআমানা অ সাক্বা-না অকাফা-না অ আ-ওয়া-না” কাফা-না অর্থাৎ তিনি আমাদের জন্য সকল কাজকে সহজ করে দিয়েছেন, আমাদের জন্য পর্যাপ্ত খাদ্য দিয়েছেন এবং আমাদেরকে আশ্রয় দিয়েছেন, অর্থাৎ আমাদের জন্য এমন আশ্রয় দিয়েছেন আমরা যার প্রত্যাশী। অথচ কত এমন লোক আছে যাদের যথেষ্ট-কারী, আশ্রয় অথবা আশ্রয়দাতা নেই। অতএব, তোমার উচিৎ যখন তুমি তোমার বিছানা আসবে তখন এই যিকিরগুলো বলবে।

http://sunnah.global/hadeeth/bn/show/5882